

# 🗏 আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭:৩০

## আরবি মূল আয়াত:

# اِنطَلِقُوا اِلٰي ظِلِّ ذِي ثَلْثِ شُعَبٍ ﴿٣٠﴾

#### 

যাও তিন শাখা বিশিষ্ট আগুনের ছায়ায়, — আল-বায়ান

'চলো সেই (ধোঁয়ার) ছায়ার দিকে যার আছে তিনটি শাখা (অর্থাৎ ডানে, বামে, উপরে সব দিক থেকেই ঘিরে ধরবে), — তাইসিরুল

**চল তিন কুন্ডল বিশিষ্ট ছায়ার দিকে।** — মুজিবুর রহমান

Proceed to a shadow [of smoke] having three columns — Sahih International

৩০. চল তিন শাখাবিশিষ্ট আগুনের ছায়ার দিকে,

তাফসীরে জাকারিয়া

### (৩০) চল তিন শাখা বিশিষ্ট ছায়ার দিকে। [1]

[1] জাহান্নাম থেকে যে ধোঁয়া বের হবে তা উঁচু হয়ে তিন দিকে ছড়িয়ে যাবে। অর্থাৎ, যেমন দেওয়াল অথবা গাছের ছায়া হয়, যাতে মানুষ শান্তি ও স্বস্তি অনুভব করে, জাহান্নামের এই ধোঁয়া কিন্তু প্রকৃতপক্ষে সে রকম হবে না। এই ধোঁয়ার ছায়ায় জাহান্নামী কোন স্বস্তি লাভ করবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5652

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন